দৈনিক ইনকিলাব


JUL 22 1998
তারিখ
পৃষ্ঠা ৬ কলাম ১


7

## নওগাঁ জেলার বেসরকারী শিক্ষকরা ২০ জুলাই ব্যাংকে ধরনা দিয়েও এমপিওর টাকা পায়নি

নওগাঁ থেকে জেলা সংবাদদাতা ঃ নওগাঁ জেলার স্কুল শিক্ষকরা গত ২০ জুলাই (মঙ্গলবার) দিনভর ব্যাংকে ধরনা দিয়ে এমপিওর টাকা না পেয়ে ব্যর্থমনরত হয়ে বাড়ী ফিরে গেছেন। জানা গেছে, সরকারী ঘোষণা অনুযায়ী গত ২০ জুলাই ছিল স্কুল শিক্ষকদের এমপিওর টাকা প্রদানের শেষ তারিখ। এমপিওর কাগজপত্র (বিল) ব্যাংকে না আসার কারণে জেলার প্রায় ৩শ' শিক্ষক দিনভর ব্যাংকে উপস্থিত থাকার পর টাকা না পেয়ে দুঃখ-ভারাক্রান্ত মনে বাড়ী ফিরে গেছেন।